



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bteb.gov.bd



স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০২.১৮.৩৬৮.১৭.৩০১


তারিখ: ১২ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
২৫ এপ্রিল, ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা প্রসঙ্গে।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ স্মারক নং: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২০-৭৪৮; তারিখ: ২৫-০৪-২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সকলকে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদুল ফিতর-এর ছুটির ধারাবাহিকতায় তীব্র তাপদাহের কারণে ঘোষিত ছুটি শেষ হবার পর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শ্রেণী কার্যক্রম নিম্নরূপভাবে পরিচালিত হবে।

- আগামী ২৮ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ রোজ রবিবার হতে যথারীতি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলা থাকবে এবং শ্রেণি কার্যক্রম অব্যাহত থাকবে;
- তাপদাহ সহনীয় পর্যায়ে না আসা পর্যন্ত অ্যাসেম্বলি বন্ধ থাকবে;
- শ্রেণি কার্যক্রমের যে অংশটুকু শ্রেণিকক্ষের বাহিরে পরিচালিত হয়ে থাকে এবং সূর্যের আলোর সংস্পর্শে আসতে হয়, সে সকল কার্যক্রম সীমিত থাকবে;
- তাপদাহ এবং অন্যান্য কারণে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকার ফলে যে শিখন ঘাটতি তৈরি হয়েছে তা পূরণ এবং নতুন শিক্ষাক্রম অনুযায়ী শিখন ফল অর্জনের জন্য পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত শনিবারও শ্রেণি কার্যক্রম চলবে।


২৫/০৪/২০২৪

(প্রফেসর মোঃ মানুন উল হক)

চেয়ারম্যান (অ.দা.)

ফোন: ০২-৫৫০০৬৫২১ (অফিস)

ইমেইল: chairman@bteb.gov.bd

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার উত্তিতে নয়):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩-৫। পরিচালক (কারিকুলাম)/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/পরিচালক.....।
- ৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৮। সহকারী সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। সেকশন অফিসার (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২০-৭৪৮

তারিখ : ১২ বৈশাখ ১৪৩১
২৫ এপ্রিল ২০২৪


প্রজ্ঞাপন

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-ফিতরের ছুটির ধারাবাহিকতায় তাপদাহের কারণে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০০.০০০০.০১২.৯৯.০০৩.২৪-৪০১, তারিখ ২০.০৪.২০২৪ খ্রি: এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.০৭.০০১.১৫.৯২১, তারিখ ২০.০৪.২০২৪ খ্রি: মোতাবেক ঘোষিত ছুটি সমাপ্ত হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শ্রেণি কার্যক্রম চালুর বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হলো:

- (ক) আগামী ২৮ এপ্রিল ২০২৪ খ্রি: তারিখ রোজ রবিবার হতে যথারীতি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলা থাকবে এবং শ্রেণি কার্যক্রম অব্যাহত থাকবে;
- (খ) তাপদাহ সহনীয় পর্যায়ে না আসা পর্যন্ত অ্যাসেম্বলি বন্ধ থাকবে;
- (গ) শ্রেণি কার্যক্রমের যে অংশটুকু শ্রেণিকক্ষের বাহিরে পরিচালিত হয়ে থাকে এবং সূর্যের আলোর সংস্পর্শে আসতে হয়, সে সকল কার্যক্রম সীমিত থাকবে;
- (ঘ) তাপদাহ এবং অন্যান্য কারণে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকার ফলে যে শিখন ঘাটতি তৈরি হয়েছে তা পূরণ এবং নতুন শিক্ষাক্রম অনুযায়ী শিখন ফল অর্জনের জন্য পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত শনিবারও শ্রেণি কার্যক্রম চলবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২৫/৪/২০২৪

(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন: ০২-৫৫১০০৪১৬

ইমেইল: dsadmin@tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২০-৭৪৮/(৩৩)

তারিখ : ১২ বৈশাখ ১৪৩১
২৫ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. বিভাগীয় কমিশনার.....(সকল);
৮. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৯. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা,

চলমান পাতা-০২